হরমুজ নিয়ে ইরানের সঙ্গে বৈঠকে যাবে না বাহরাইন



ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক পুনঃস্থাপন না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি নিয়ে তেহরানের সঙ্গে কোনো বৈঠকে বসবে না বাহরাইন। শনিবার (১২ সেপ্টেম্বর) দেশটির রাষ্ট্রীয় গণমাধ্যমের বরাতে এ তথ্য জানিয়েছে রয়টার্স।

বাহরাইন জানিয়েছে, ইরানের সঙ্গে আনুষ্ঠানিক কূটনৈতিক সম্পর্ক পুনরায় চালু না হওয়া পর্যন্ত হরমুজ প্রণালি নিয়ে আলোচনায় অংশ নেওয়ার কোনো সুযোগ নেই।

২০১৬ সালে সৌদি আরবের সঙ্গে একই সময়ে ইরানের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করে বাহরাইন। সৌদি আরবে এক শিয়া ধর্মীয় নেতার মৃত্যুদণ্ড কার্যকরের প্রতিবাদে ইরানে সৌদি কূটনৈতিক স্থাপনায় হামলার পর রিয়াদ তেহরানের সঙ্গে সম্পর্ক ছিন্ন করেছিল।

এদিকে চলতি বছরের ফেব্রুয়ারিতে ইরান, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইরানের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার লক্ষ্যবস্তু হওয়ার কথা জানিয়েছে বাহরাইন।

হরমুজ প্রণালি ঘিরে আঞ্চলিক উত্তেজনার মধ্যেই বাহরাইনের এ অবস্থান সামনে এলো। বিশ্বের গুরুত্বপূর্ণ এই নৌপথের নিরাপত্তা ও নিয়ন্ত্রণ নিয়ে ইরান ও উপসাগরীয় দেশগুলোর মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ ও উত্তেজনা রয়েছে।